জুলাই,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব **চন্দ্র দেব চাকমা**, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি।
সভার স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি
সভার তারিখ ও সময়	:	০৭ জুলাই, ২০২২খ্রি: ; সময় : বেলা ১০.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যদের নাম	:	পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।
বিবেচ্য মাস	:	জুন, ২০২২খ্রি:।

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্মবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত সভার কার্যবিবরণী	গত সভার কার্যবিবরণী অনুমোদিত।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি।
২	উপজেলা কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত না হওয়ায় কোন প্রস্তাব পাওয়া যায়নি। এর পরিপ্রেক্ষিতে নিয়মিত সভা আহ্বান করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	**সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।**
৩	**<u>স্বাস্থ্য বিভাগ :</u>** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ৩৮৫৩ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ২৩১ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ২৮১ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ১১ জন, মাঠ/সিএসবিএ/সিসিতে-১৬৪ জন। মোট এএনসি-১ম ১০২ জন, ৪র্থ-৭৫ জন এবং পিএনসি ১৬২ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ৪ জন টিবি রোগীর সংখ্যা= ০৯ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১৩২৬ জন, ১ম ডোজ প্রদান ৪১০১৭ জন, দ্বিতীয় ডোজ ৪০৬৭০ জন, ৩য় ডোড-১৩৩৯২ জন, প্রদান করা হয়নি ৩০৯ জন ২৩০ জন করোনী রোগী পজেটিভ পাওয়া গেছে। তন্মধ্যে সুস্থ ২২৭ জন, হোম আইসোলেশনে ০৩ জন মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) কোভিড-১৯ ৩য় ডোজ গ্রহণের জন্য এলাকার জনসাধারণকে উদ্বুদ্ধ করণসহ এলাকায় বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানগণের ঐকান্তিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। (খ) করোনা টিকা প্রদান কার্যক্রম জোরদার করণের জন্য অনুরোধ করা হয়। (খ) ম্যালেরিয়া ও টিবি রোগ বিস্তাররোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি।
৪	**<u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u>** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২০৮৭ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৮৭ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ১৮ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ১৭ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ১০ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ০০ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০১ জন, সাধারণ রোগী সেবা ৮৪৭ জন, চলতি মাসে নব দম্পতির সংখ্যা (নববিবাহিতা) ১৩ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৩৮০ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৬০%, উপজেলার মোট জনসংখ্যা ৬৫১৮৪ জন, চলতি মাসে উঠান বৈঠক ১৩ জন, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার ০.০৬% মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) মাতৃ মৃত্যুর হার প্রতিরোধের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) নিয়মিত উঠান বৈঠক কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (গ) কিশোরীর মাতৃত্ব এবং প্রজননতন্ত্রের সংক্রমন ও যৌনবাহিত রোগ বিষয়ে নিয়মিত কাউন্সেলিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি।

৫	**কৃষি বিভাগ :** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, সারা দেশের ন্যায় গত ০৬ জুলাই,২০২২খ্রি: খ্রি: তারিখ অত্র উপজেলায় ফলদ মেলা উদ্বোধন করা হয়। ৩০০ জন ক্ষুদ্র প্রান্তিক কৃষক/কৃষাণীর মধ্যে ৫.০০ কেজি (আউশ) বীজ, ডিএপি ১০.০০ কেজি, এওপি ১০.০০ কেজি এবং মাননীয় প্রধানমন্ত্রীর দেওয়া ঘরের আশেপাশে বৃক্ষরোপনের জন্য ফলদ ও বনজ গাছ বিতরণ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) ফলদ মেলা সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (গ) পুষ্টি/ভিটামিনের চাহিদা মেটানোর জন্য বসতভিটায় শাক-সবজি বাগান সৃজনের মাধ্যমে প্রান্তিক কৃষকদেরকে উদ্বুদ্ধ করনের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি।
৬	**মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৬ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৬টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা। আদায় হার ৫৬%। তিনি আরো জানান যে, প্রতি বছরের ন্যায় “জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২”খ্রি: আগামী ২৩ জুলাই হতে ২৯ জুলাই,২০২২খ্রি: তারিখ পর্যন্ত উদযাপিত হবে। অত্র এলাকার বাস্তবতার আলোকে এবং কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে ঢাকা হতে প্রেরিত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে অনুষ্ঠিতব্য “জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২খ্রি: সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠানের সকল কর্মসূচিতে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে সকলের ঐকান্তিক অংশগ্রহণ এবং সার্বিক সহযোগিতা কামনা করেন। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২১-২০২২) ২টি ক্রিক বাঁধের কাজ চেঙ্গী ও লতিবান ইউনিয়নে চলমান রয়েছে।	(ক) মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমের আওতায় অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২খ্রি: সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (গ) ২০২১-২০২২খ্রি: অর্থবছরের ২টি ক্রিক বাঁধ নির্মান কাজ যথাসময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি
৭	**প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।	দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি।
৮	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি।
৯	**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তারঁ দপ্তরের চলতি অর্থবছরের বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রম শতভাগ। তিনি আরো জানান যে, ২০২২-২০২৩খ্রি: অর্থবছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২২খ্রি: উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় ৮৬৬৭টি কার্ডের বিপরীতে ৮৬.৬৭০ মে.টন খাদ্যশস্য (চাউল) বরাদ্দ পাওয়া গেছে এবং ভিজিএফ খাদ্যশস্য (চাউল) বিতরণ প্রক্রিয়াধীন।	(ক) বিধি অনুযায়ী ভিজিএফ খাদ্যশস্য (চাউল) বিতরণ নিশ্চিত করনের জন্য অনুরোধ করা হয়। (খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি।

১০	**জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ৫৮ গ্রাম প্রকল্পের আওতায় ৬টি কাজের মধ্যে ২টির কাজ হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট কাজগুলি চলমান আছে। ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৬০টি নলকূপের মধ্যে ২৩২টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে। বাকীগুলো চলমান আছে। ২০২১-২০২২ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৩০টি নলকূপের মধ্যে ৩৩টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজগুলি চলমান আছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ২য় পর্যায়ে ২৫টি নলকূপের মধ্যে ২১টির কাজ সম্পন্ন হয়েছে। বাকীগুলো চলমান। স্কুল পর্যায়ে যেসকল বিদ্যালয়ে পানির উৎস নাই এমন ৬টি বিদ্যালয়ে হাত ধোয়ার বেসিনসহ পানির উৎস স্থাপন করা হয়েছে। তাছাড়া ৪টি বিদ্যালয়ে দ্বিতল ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।	(ক) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ বিধি অনুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (খ) চলমান প্রকল্পের অবশিষ্ট কাজসমূহ বিধি অনুযায়ী নির্দিষ্ট সময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (গ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি।
১১	**প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ৭৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সাথে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারি উপজেলা শিক্ষা অফিসারের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি হয়। দুই ক্লাস্টারের সহকারি উপজেলা শিক্ষা অফিসারের সাথে উপজেলা শিক্ষা অফিসারের এবং উপজেলা শিক্ষা অফিসারের সাথে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।	(ক) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) বিধি অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের জন্য ধন্যবাদ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি।
১২	**মাধ্যমিক শিক্ষা বিভাগ** : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে সুস্বাস্থ্য কার্ড (শুধুমাত্র কিশোরীদের) জন্য বিতরণ কার্যক্রম চলমান এবং শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের মাঝে কোভিড-১৯ বুষ্টার ডোজ কার্যক্রম চলমান। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।	নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি।
১৩	**সমাজসেবা বিভাগ :** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না।	আগামী সভায় উপস্থিতির জন্য আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি।
১৪	**মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ ভিজিডি চক্রের ১৩৬৩ জনের জুন,২০২২খ্রি: মাসের ডিও উত্তোলন ও বিতরণ সম্পন্ন হয়েছে। ভিজিডি উপকারভোগীদের ২০০ টাকা হারে সঞ্চয় জানুয়ারী, ২০২১ হতে আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায় কার্যক্রম ১০০%।	(ক) ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং প্রতিরোধের বিষয়ে নিয়মিত উঠান বৈঠক বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পানছড়ি।

	২০২১-২০২২ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা উপকারভোগীদের স্ব-স্ব হিসাব নম্বরে ভাতা জমা হচ্ছে। সংশ্লিষ্ট উপকারভোগীর হিসাব নম্বর যাচাই-বাছাই পূর্বক ভাতা বিতরণ প্রক্রিয়া শুরু করা হবে এবং জুলাই,২০২২খ্রি: হতে উক্ত কর্মসূচি মা ও শিশু সহায়তা কর্মসূচি নামে পরিচালিত হবে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পের ১৬তম ও ১৭তম ব্যাচের ফ্যাশন ডিজাইন ও মোমবাতি ট্রেডের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী বাছাই চূড়ান্ত করা হয়েছে এবং জুলাই,২০২২খ্রি: হতে প্রশিক্ষণ শুরু হবে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৫টি ক্লাবে কার্যক্রম চলমান আছে এবং পুষ্টি নাস্তা বিতরণ করা হচ্ছে এবং প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।	(খ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কাজ বিধি অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।	
১৫	**<u>পল্লী উন্নয়ন বিভাগ :</u>** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ক্রমপূঞ্জিত সমিতি গঠন ১৪১টি, ক্রমপূঞ্জিত সদস্য ভর্তি ১৫৫২ জন, ক্রমপূঞ্জিত শেয়ার আদায় ৮.৩০ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপূঞ্জিত সঞ্চয় আদায় ৬৮.৫৭ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ আদায় ১৭০৪.৮৩ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ১৭৮৩.৭৪ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপূঞ্জিত অডিট ৫৮টি, ক্রমপূঞ্জিত এজিএম ৫৮টি, ক্রমপূঞ্জিত নির্বাচন ৫৮টি, ক্রমপূঞ্জিত প্রশিক্ষণ ৯৩০টি মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) ঋণ বিতরণের ক্ষেত্রে যেন ওভারলেপিং না হয় সেদিকে দৃষ্টি রেখে ঋণ বিতরণ করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি।
১৬	**<u>সমবায় বিভাগ :</u>** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার অডিট বরাদ্দ অডিট অফিসারকে প্রদান করার জন্য জেলা সমবায় অফিসে প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত ধার্যকৃত সকল অডিট ফি ধার্য করে জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ০১টি সমিতির অডিট ফি পরিশোধ করে চালানের কপি জেলা সমাবায় কার্যালয় খাগড়াছড়িতে প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত ধার্যকৃত সকল উন্নয়ন তহবিল ধার্য করে জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে তন্মধ্যে ০১টি সমিতির সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ করে রশিদের কপি জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং সমিতির অকার্যকর তালিকা জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে উপস্থাপন করেন।	(ক) সমবায় সমিতির সকল বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা (খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, পানছড়ি।
১৭	**<u>যুব উন্নয়ন অধিদপ্তর :</u>** যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ২,৮৩,৮৪,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়যোগ্য ২,১৮,৪০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়কৃত ২,১০,০০০/- টাকা চলমান	(ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি।

	মাসে আদায় হার ৯৬%। চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ আদায়যোগ্য ২,৫৯,৬৬,৪৫০/- টাকা, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ আদায়কৃত ২,৩৯,৮০,৮৬৬/- টাকা, আদায় হার ৯২%। চলমান মাসে ঋণ বিতরণ- নাই। দাপ্তরিক অন্যান্য কাজকর্ম স্বাভাবিক।	(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	
১৮	**খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৪৮.০০ মে:টন এর মধ্যে ৯৩.০০ মে: টন সংগ্রহ হয়েছে এবং অবশিষ্ট ৫৫.০০ মে: টন। আতপ চাউলের লক্ষ্যমাত্রানুযায়ী সংগ্রহ করা হয়েছে। বর্তমানে খাদ্য গুদামে ৬৫৯.৩৫৭ মে: টন (আতপ) চাল, ৫৭.৬৭২ মে: টন (সিদ্ধ) চাল। ৪৪.০৬৩ মে. টন গম এবং ৯৩.০০ মে:টন ধান মজুদ আছে মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) লক্ষ্যমাত্রানুযায়ী অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহ করার জন্য অনুরোধ করা হল। (খ) পর্যাপ্ত পরিমাণে খাদ্যগুদামে খাদ্য মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি।
১৯	**বন বিভাগ :** উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পানছড়ি।
২০	**আনসার ও ভিডিপি বিভাগ :** তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় উপস্থাপন করেন।	স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, পানছড়ি।
২১	**পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প):** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না।	আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) পানছড়ি।
২২	**পল্লী সঞ্চয় ব্যাংক:** পল্লী সঞ্চয় ব্যাংকের প্রকল্প সমন্বয়কারী সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে জানা গেল না।	আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	প্রকল্প সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, পানছড়ি।
২৩	**উপানুষ্ঠানিক শিক্ষা বুরো :** উপজেলা প্রোগ্রাম অফিসার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না।	আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	প্রোগ্রাম অফিসার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পানছড়ি।
২৪	**বিদুৎ বিভাগ :** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না।	আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (বিউবো) পানছড়ি।
২৫	**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ৫ম বছরের জন্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে (পিএমইউ), ইউজিডিপিতে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।	দায়িত্বপ্রাপ্ত ইউডিএফ অনুমোদনের অগ্রগতি বিষয়ে পিএমইউ তে নিয়মিত ফলো-আপ করবেন।	ইউডিএফ, UGDP, LGD পানছড়ি।
২৬	**তথ্য আপা প্রকল্প:** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, ব্যবসা, শিক্ষা, কৃষি, জেন্ডার, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে ডোর টু ডোর সেবা গ্রহণকারীর সংখ্যা ৪০১ জন, তথ্যকেন্দ্রে সেবা গ্রহণকারীর সংখ্যা ১৩২ জন। মে ও জুন,২০২২খ্রি: মাসে	(ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রকল্পের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	তথ্যসেবা কর্মকর্তা, পানছড়ি।

	৮টি উঠান বৈঠক ৪০০ জন সহ মোট সেবা গ্রহণকারীর সংখ্যা ৯৩৩ জন মর্মে উপস্থাপন করেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।	(খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	
২৭	**শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্প :** প্রকল্পের এডুকেশন ফ্যাসিলিটেটর জানান যে, তাঁর প্রকল্পের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক মর্মে সভায় উপস্থাপন করেন।	উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	এডুকেশন ফ্যাসিলিটেটর শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশু ক্ষমতায়ন প্রকল্প, পানছড়ি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(চন্দ্র দেব চাকমা)
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ, পানছড়ি।

স্মারক নং-০৫(১২)/২০১৭- তারিখ- /০৭/২০২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। জনাব/বেগম .... ভাইস চেয়ারম্যান, পানছড়ি উপজেলা পরিষদ।
৯। উপজেলা .... কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
১০। চেয়ারম্যান, লোগাং/চেঙ্গী/পানছড়ি/লতিবান/উল্টাছড়ি ইউ.পি. পানছড়ি, খাগড়াছড়ি।
১১। ....
.... খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি।